

ডিগ্রী (পাস) কোর্সে ১ম মেধা তালিকার ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ইডেন মহিলা কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রী (পাস) কোর্সের ১মবর্ষ (বি.এ/বি.এস.এস/ বি.বি.এস) ভর্তি সংক্রান্ত নির্দেশিকা নিম্নে দেয়া হলো।

১। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে যে সকল ছাত্রী গত ৩১/০১/২০১৭ তারিখে প্রকাশিত ১ম মেধাতালিকায় স্থান পেয়েছে তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd/admissions) এ লগ-ইন করে চূড়ান্ত ভর্তির ফরম পূরণ করতে হবে। পূরণকৃত ফরম এর প্রিন্ট কপি প্রয়োজনীয় কাগজপত্র ও ফিসহ কলেজে জমা দিতে হবে।

২। শ্রেণী রোল নম্বর সংগ্রহ : শিক্ষার্থীকে প্রথমেই প্রিন্টকৃত ভর্তিফরম দেখিয়ে কলেজের প্রশাসনিক ভবনের নিজ তলায় ক্যাশ শাখা থেকে শ্রেণী রোল নম্বর সংগ্রহ করতে হবে। উক্ত রোল নম্বরের বিপরীতে শিওরক্যাশের মাধ্যমে নির্ধারিত ভর্তির ফি পরিশোধ করে হবে।

ভর্তি ফরমের Course Choice এর ঘরে বিষয় গুচ্ছ অনুযায়ী ৩টি ঐচ্ছিক বিষয়ের নামসহ কোড অবশ্যই লিখে দিতে হবে।

ভর্তির ফরমের উপরে শিওরক্যাশের ট্রানজেকশন আইডি নম্বর, মোবাইল নম্বর লিখে প্রয়োজনীয় কাগজপত্র সহ একসেট ফটোকপি করে, ফটোকপির সাথে দুইকপি ছবি স্ট্যাপলার করে মোট দুইসেট ক্যাশ শাখায় জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তি ফি জমা দেয়ার বিবরণ

কোর্সের নাম	টাকার পরিমাণ	জমা দেয়ার মাধ্যম	তারিখ ও সময়
বি.এ/বি.এস.এস/ বি.বি.এস (পাস)	২৮৯০/-	শিওরক্যাশ	০২/০২/২০১৭ হতে ১১/০২/২০১৭ (সরকারী ছুটির দিন ব্যতীত) পর্যন্ত সকাল ১০:০০টা থেকে দুপুর- ২:০০টার মধ্যে।

৩। ভর্তির ফরম জমার স্থান ও সময় : ভর্তির ফরম কলেজের প্রশাসনিক ভবনের নিজ তলায় ক্যাশ শাখায় সকাল ১০:০০টা থেকে দুপুর- ২:০০টার মধ্যে জমা দিতে হবে।

❖ প্রয়োজনীয় কাগজপত্রাদি : (ভর্তির ফরম এর সাথে সংযুক্ত করতে হবে)

(ক) এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের ফটোকপি।

(খ) এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

❖ এইচ.এস.সি মূল নম্বরপত্র জমা :

ভর্তির সময়ে শিক্ষার্থীরা কলেজ কর্তৃপক্ষের নিকট এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাশের মূল মার্কশিট ও সম্প্রতি তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি বড় খামের ভিতর ঢুকিয়ে, খামের উপর শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, ঠিকানা (বর্তমান মোবাইল নম্বরসহ), গ্রুপ, রোল নম্বর ও শিক্ষাবর্ষ লিখে (নমুনাসহ খাম কলেজের ফটোকপি দোকানে পাওয়া যাবে) প্রশাসনিক ভবনের নিচ তলা ক্যাশ শাখায় ভর্তি ফরমের সাথে উল্লেখিত খামটি জমা দিতে হবে। কোর্স সম্পন্ন করার পূর্ব পর্যন্ত কলেজ কর্তৃপক্ষ তা সংরক্ষণ করবেন। তাই মূল মার্কশিটের পর্যাপ্ত সংখ্যক ফটোকপি শিক্ষার্থীর নিকট জমা রাখার জন্য বলা হলো।

❖ দ্বৈত ভর্তি :

কোন শিক্ষার্থী একটি কোর্সে ভর্তি হওয়ার পর তা সমাপ্ত না হওয়া পর্যন্ত অন্য কোর্সে বা বিষয়ে ভর্তি হতে পারবে না। যেমন- একই সময়ে পাস এবং অনার্স উভয় কোর্সে ভর্তি হওয়া চলবে না। যদি কোন শিক্ষার্থী এরূপ করে তাহলে তার সকল কোর্সের/বিষয়ের ভর্তি বাতিল বলে গণ্য হবে। আবার একই কোর্স একাধিক প্রতিষ্ঠান ভর্তি হলেও উভয়ই বাতিল বলে গণ্য হবে।

❖ বি:দ্র: ১। প্রিন্টকৃত ভর্তি ফরমের **Course Choice** এর সামনে পড়তে ইচ্ছুক ঐচ্ছিক ৩টি বিষয়ের নাম লিখে দিতে হবে।

৩১/০১/১৭
অধ্যক্ষ